ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৬০
ধর্মনগর, ১৫ সেপ্টেম্বর,২০২৫

**স্বচ্ছতা হি সেবা কর্মসূচি :**
**উত্তর জেলায় বিভিন্ন কর্মসূচি**

স্বচ্ছতা হি সেবা কর্মসূচির অঙ্গ হিসেবে উত্তর ত্রিপুরা জেলায় আগামী ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। এই উপলক্ষ্যে গত ১২ সেপ্টেম্বর ধর্মনগরে উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রনের নেতৃত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন উত্তর জেলার অতিরিক্ত জেলাশাসক বিজয় সিনহা, অতিরিক্ত জেলাশাসক এল. ডার্লং, অতিরিক্ত পুলিশ সুপার কমল দেববর্মা, জেলার তিনটি মহকুমার মহকুমা শাসক, আটটি ব্লকের বিডিও, বিভিন্ন দপ্তরের জেলাস্তরের আধিকারিক প্রমুখ। স্বচ্ছতা হি সেবা কর্মসূচিতে জেলায় কি কি কর্মসূচি গ্রহণ করা হবে মূলত তার রূপরেখা তৈরি করা হয়। সভায় জেলাশাসক চাঁদনী চন্দ্রন বলেন, উত্তর ত্রিপুরা জেলায় স্বচ্ছতা হি সেবা কর্মসূচি শুরু হবে ১৭ সেপ্টেম্বর। বিভিন্ন সরকারি কার্যালয়, বিদ্যালয়, অঙ্গনওয়াড়ি কেন্দ্র সর্বত্র স্বচ্ছতা কর্মসূচি গ্রহণ করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন জেলাশাসক। স্বচ্ছতা বিষয়ে জনসাধারণকে সচেতন করতে জেলার বিভিন্ন স্থানে ওয়াল পেইন্টিং করা হবে। সাফাই কর্মীদের জন্য সাফাই মিত্র সুরক্ষা শিবির করা হবে। এই শিবিরে সাফাই মিত্রদের স্বাস্থ্য পরীক্ষা করা হবে। আগরতলা সরকারি মেডিক্যাল কলেজের বিশেষজ্ঞ চিকিৎসক এই শিবিরে তাদের স্বাস্থ্য পরীক্ষা করবেন।

*****